

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ।

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০১.২৬-১৭৪।—আগামী ০৯ এপ্রিল ২০২৬ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন এবং ১৪৫ শেরপুর-৩ নির্বাচনি এলাকার অনুষ্ঠিতব্য নির্বাচন গ্রহণের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ২৯-০৩-২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৪.২৬(অংশ-১)-২৬৮ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ০৯ এপ্রিল ২০২৬ তারিখের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৮ এপ্রিল ২০২৬ মধ্যরাত ১২:০০ টা হতে ০৯ এপ্রিল ২০২৬ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্যাক্সি ক্যাব/প্রাইভেটকার (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক।

০২। সে সাথে ০৭ এপ্রিল ২০২৬ তারিখ মধ্যরাত ১২:০০ টা হতে ১০ এপ্রিল ২০২৬ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

- (ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(১৬৮৯৭)

মূল্য : টাকা ৪.০০

- (গ) দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোনো যানবাহন;
- (ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে;
- (ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোনো কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারে অনুমোদন সাপেক্ষে;
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোনো ব্যক্তির জন্য মোটরসাইকেল;
- (ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহন; এবং
- (জ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৪। উপরন্তু ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উল্লিখিত যানবাহনসমূহ ব্যতীত অন্যান্য যানবাহনের ওপরেও বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ অথবা শিথিলের জন্য সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আল-আমীন মোঃ নূরুল ইসলাম
উপসচিব।